

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৮৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এই বিষয়ে অনুমতি প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي الرُّخْصَةِ فِي الْإِقْعَاءِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، أَخْبَرَنِي أَبُو الزُّبَيْرِ، أَنَّهُ سَمِعَ طَاوُسًا، يَقُولُ قُلْنَا لِابْنِ عَبَّاسٍ فِي الْإِقْعَاءِ عَلَى الْقَدَمَيْنِ قَالَ هِيَ السُّنَّةُ . فَقُلْنَا إِنَّا لَنَرَاهُ جَفَاءً بِالرَّجُلِ قَالَ بَلْ هِيَ سُنَّةُ نَبِيِّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا الْحَدِيثِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَرَوْنَ بِالْإِقْعَاءِ بَأْسًا وَهُوَ قَوْلُ بَعْضِ أَهْلِ مَكَّةَ مِنْ أَهْلِ الْفِقْهِ وَالْعِلْمِ . قَالَ وَأَكْثَرُ أَهْلِ الْعِلْمِ يَكْرَهُونَ الْإِقْعَاءَ بَيْنَ السَّجْدَتَيْنِ .

বাংলা

২৮৩. ইয়হইয়া ইবনু মুসা তাউস (রহঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন আমি ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু কে দুই পা খাড়া করে বসা সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন এতো সুন্নাত। আমি বললাম আমরা তো এটিকে গেয়ো রুঢ়তা বলে মনে করি। তিনি বললেন না, বরং তা তোমাদের নবীজীর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাত। - সহিহ আবু দাউদ ৭৯১, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা তিরমিজী (রহঃ) বলেনঃ এই হাদিসটি হাসান ও সহীহ। সাহাবীগণের কেউ কেউ এই হাদিস অনুসারে আমল করেছেন। তাঁরা এই ধরনের বসায় কোন দোষ আছে বলে মনে করেন না, মক্কাবাসী কতিপয় আলিম ও ফকীহ এর অভিমত এ-ই। তবে অধিকাংশ আলিম ও ফকীহ এই ধরনের বসা মাকরুহ বলে অভিমত ব্যক্ত করেছেন।

English

Tawus said:

"We asked Ibn Abbas about squatting (sitting) on the heels. He said: 'It is the

Sunnah.' We said: 'We think that it is difficult for a man.' He said: 'Rather, it is Sunnah of your Prophet.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ তাউস (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17472>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন